

শিহাব হত্যাকাণ্ড

## খুনীরা চিহ্নিত মোটিভ নিশ্চিত

কাগজ প্রতিবেদক : কুল ছাত্র শিহাব হত্যাকাণ্ডের ঘটনায় আর কেউ গতকাল শুক্রবার পর্যন্ত ধরা পড়েনি। হত্যাকাণ্ডে জড়িত ৩ জনকে ধরে গোয়েন্দা পুলিশের দুটি টিম বর্তমানে ঢাকার বাইরে অবস্থান করছে। এদিকে খেণ্ডারকতরা নতুন কোনো তথ্য দেয়নি। খেণ্ডারকতদের ৭ দিনের রিম্যান্ডের ৩ দিন গতকাল শুক্রবার অতিবাহিত হয়।

গত ৭ ফেব্রুয়ারি শিহাবকে অপহরণ করে হত্যার ৫৩ দিন পর গত সোমবার গোয়েন্দা পুলিশ তার দেহের খণ্ডিত অংশ উদ্ধার করে। গোয়েন্দা পুলিশের কাছে তিনজন হত্যাকারীসহ ৪ জন এখন রিম্যান্ডে আছে। এই হত্যাকারীরা পুলিশকে গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছে। এদের কারো কারো লিঙ্গব্দ পুলিশ ১৬১ ধারায় রেকর্ড করেছে। গোয়েন্দা পুলিশ ● ওপরিপৃষ্ঠা ১১ কলাম ৬

## খুনীরা চিহ্নিত

● প্রথম পাতার পর জানায়, চাঞ্চল্যকর এ মামলার মোটিভ এবং হত্যাকারীদের চিহ্নিত করা গেছে। ফলে মামলার তদন্তের কাজ প্রায় শেষের পথে। বর্তমানে হত্যার সঙ্গে জড়িত আরো ৩ জনকে খেণ্ডার করার কাজটিই শুধু বাকি। এই ৩ জন হচ্ছে রাজু, রুবেল এবং সবুজ। এদের খেণ্ডারের জন্য দুটি টিম বর্তমানে ঢাকার বাইরে অবস্থান করছে।